



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION

৩১০/বাউবি/পরীক্ষা/এমবিএ/সমসূচী/০৭/২৮২

তারিখ : ০২/০২/২০১৭

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

.....আঞ্চলিক কেন্দ্র।

বিষয়: এমবিএ প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাউবি/প্রশা(সাধা)/বিভাগ-২৬(১৩)/৯৬/পার্ট-৩/৩৯৭০(১), তারিখ : ০৩/১০/২০১৬

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

“(১) একাডেমিক কাউন্সিল-এর ৪৭তম সভার সিদ্ধান্ত-১২-এর আওতা বর্হিভূত (বিএ/বিএসএস প্রোগ্রামের এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য/জিপিএ-২ এর নীচে গ্রেড প্রাপ্ত রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থী ব্যতীত) সকল প্রোগ্রামের ক্ষেত্রে যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামে ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থী অবশিষ্ট কোর্স/DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে সংশ্লিষ্ট কোর্স/বিষয়ে কোর্স ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে এবং

(২) ২০১৬ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় যে ব্যাচের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হবে উক্ত সিদ্ধান্তের আলোকে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০২ বছরের মধ্যে DeNovo রেজিস্ট্রেশন করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরবর্তীতে রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।

(৩) উল্লিখিত বিষয় বোর্ড অব গভর্নরস-এর অনুমোদনের তারিখ অর্থাৎ ০৫/০৯/২০১৬ তারিখ থেকে কার্যকর হবে।”

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে-

(ক) একাডেমিক কাউন্সিলের ৪৭তম সভার সিদ্ধান্ত-১২ এর আওতা বর্হিভূত এবং ৫৮তম সভার সিদ্ধান্ত-১ অনুযায়ী এমবিএ প্রোগ্রামের ০৭,০৮,০৯ ও ১০ ব্যাচের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীগণ এমবিএ প্রোগ্রামের ১৬১ ও ১৬২ টার্মের পরীক্ষায় DeNovo রেজিস্ট্রেশন করে অংশগ্রহণ করতে পারবে এবং

(খ) এমবিএ প্রোগ্রামের ১৫২ টার্মের পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়া ১১ ব্যাচের শিক্ষার্থীগণ একাডেমিক কাউন্সিলের ৫৮তম সভার সিদ্ধান্ত-০২ অনুযায়ী এমবিএ প্রোগ্রামে ১৬১,১৬২,১৭১ ও ১৭২ টার্মের পরীক্ষায় DeNovo রেজিস্ট্রেশন করে অংশগ্রহণের সুযোগ পাবে।

উল্লিখিত শিক্ষার্থীগণ আগামী ২৮/০২/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোর্স/কোর্স সমূহের রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্ধারিত কোর্স ফি (DeNovo রেজিস্ট্রেশনের জন্য) এবং পুণ: পরীক্ষার ফি সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিয়ে জমারশিদসহ আবেদনপত্র সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র জমা দিতে পারবে। আঞ্চলিক কেন্দ্র কর্তৃক ১৬১ টার্মে অংশগ্রহণেচ্ছু আবেদনকারী DeNovo রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা Soft Copy আকারে পরীক্ষা নিয়ন্ত্রকের ই-মেইল নম্বরসহ exam.cu@bou.edu.bd ঠিকানায় আগামী ০২/০৩/২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। আগামী ০৬/০৩/২০১৭ তারিখে মধ্যে Hard Copy পরীক্ষা বিভাগে প্রেরণ করতে হবে। উক্ত তারিখের পরে প্রেরিত কোন তালিকা বিবেচনা করা হবে না।

রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের পুণ: পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের বিষয়টি স্থানীয়ভাবে বিভিন্ন মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ,

পরীক্ষা নিয়ন্ত্রক  
০২/০২/১৭

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিতরণ : কার্যার্থে

১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

২। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র Website এ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।

৩। সমন্বয়কারী এমবিএ প্রোগ্রাম, বাউবি, সকল স্টাডি সেন্টার।

৪। প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি:সদয় অবগতির জন্য :

১. ডীন, এসওবি, বাউবি।

২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।

৪. সংরক্ষণ নথি।